# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd


নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-১)/১/৩(১৭)/২০২২-২০২৩/ ২২৭২ (১২৫০)

তারিখঃ ২৩.০৩.২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২১ মার্চ, ২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলার লেটার এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার নং-০৭, তারিখঃ ১৭ নভেম্বর, ২০২২ এর ৮(ক) অনুচ্ছেদে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বর্ণিত খাতসমূহের সাথে 'গরু মোটতাজাকরণ' খাত অন্তর্ভুক্ত করা হয়েছে।

এক্ষেত্রে, আলোচ্য স্কিমের আওতায় ঋণ বিতরণের পুঞ্জীভূত মাসিক বিবরণী (সংযুক্ত ছক মোতাবেক) পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগ এর ২১ মার্চ, ২০২৩ তারিখের এসিডি সার্কুলার লেটার নং-০২ এতদ্সংগে সংযুক্ত করা হলো। এমতাবস্থায়, এসিডি সার্কুলার নং-০৭ এবং এসিডি সার্কুলার লেটার নং-০২ এর সকল নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৩/০৩/২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ বর্ণনামতে।

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-১)/১/৩(১৭)/২০২২-২৩/ ২২৭২ (১২৫০)

তারিখঃ ২৩.০৩.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। নথি/মহানথি।

২৬/০৩/২০২৩

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং - ০২

০৭ চৈত্র, ১৪২৯
তারিখঃ -------------
২১ মার্চ, ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক /প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
ঢাকা/রাজশাহী।

**দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম গঠন ও পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০৭, তারিখঃ ১৭ নভেম্বর ২০২২ এর ৮(ক) অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় উক্ত অনুচ্ছেদে বর্ণিত খাতসমূহের সাথে 'গরু মোটাতাজাকরণ' খাত অন্তর্ভুক্ত করা হলো।

এক্ষেত্রে, আলোচ্য স্কিমের আওতায় ঋণ বিতরণের পুঞ্জীভুত মাসিক বিবরণী (সংযুক্ত ছক মোতাবেক) পরবর্তী মাসের ০৭ কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ ১ (এক) পাতা।

(মোঃ আবুল কালাম আজাদ)
পরিচালক (এসিডি)
ফোনঃ ৯৫৩০১৩৮

সংযুক্ত ছক

## দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় ঋণ বিতরণের পুঞ্জিভুত বিবরণী (মাসিক ভিত্তিক)

ব্যাংকের নামঃ

বিবরণীর সময়কালঃ -- / -- / ---- তারিখ পর্যন্ত

(লক্ষ টাকায়)

| জেলার নাম | উপজেলার নাম | শাখার নাম | বরাদ্দের পরিমাণ | অনুমোদিত ঋণের পরিমাণ | বিতরণকৃত ঋণের পরিমাণ | | | | | | | | বরাদ্দের তুলনায় ঋণ বিতরণের হার (%) | ঋণ প্রাপ্ত বর্গাচাষীর সংখ্যা | ঋণ প্রাপ্ত মোট কৃষক /গ্রাহকের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ধান | মৎস্য | পোল্ট্রি | দুগ্ধ উৎপাদন | গরু মোটাতাজাকরণ | শাক-সবজি | ফল ও ফুল | মোট | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | |